“তোমরা হজ ও উমরা একটির পর অপরটি করতে থাক। কেননা, এ দু’টি দারিদ্র্য ও গুনাহ দূর করে দেয়, যেমন কামারের হাপর লোহা, সোনা ও রূপার ময়লা দূর করে দেয়। আর মাবরুর হজের প্রতিদান জান্নাত ছাড়া কিছুই নয়”।

আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা হজ ও উমরা একটির পর অপরটি করতে
থাক। কেননা, এ দু’টি দারিদ্র্য ও গুনাহ দূর করে দেয়, যেমন কামারের হাপর লোহা, সোনা ও রূপার ময়লা দূর করে দেয়। আর মাবরুর হজের প্রতিদান জান্নাত ছাড়া কিছুই নয়”।
[সহীহ] [এটি তিরিমিযী,নাসাঈ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মানুষকে হজ ও ওমরা ঘন ঘন আদায় করার জন্য এবং সামর্থ্য হলে তা বন্ধ না করার জন্য তাগিদ দিয়েছেন, কারণ এগুলো পালন করা দারিদ্র্য, পাপ এবং হৃদয়ের উপর এর প্রভাব দূর করার একটি উপায়, ঠিক যেমন আগুনে ফুঁ দেওয়া লোহা এবং অন্যান্য ধাতুর ময়লা দূর করার একটি উপায় যা এর অংশ নয়।

http://sunnah.global/hadeeth/bn/show/65627